


## নিয়োগ বিজ্ঞপ্তি



ঢাকা বিশ্ববিদ্যালয় : বিধি মোতাবেক প্রদেয় অন্যান্য ভাতাদিসহ টাঃ- ২২,০০০-৫৩,০৬০/- (জাতীয় বেতন স্কেল-২০১৫) ঢাকা বিশ্ববিদ্যালয়ের আইন উপদেষ্টা অফিসের ০১ (এক)টি সেকশন অফিসার-এর শূন্য পদ পূরণের জন্য ৫০/- (পঞ্চাশ) টাকার বিনিময়ে রেজিস্ট্রারের দপ্তরে প্রাপ্তব্য নির্ধারিত ফরমে বাংলাদেশী নাগরিকদের নিকট হইতে দরখাস্ত আহবান করা যাইতেছে। প্রার্থীকে কোন স্বীকৃত বিশ্ববিদ্যালয় হইতে এল.এল.বি (সম্মান) সহ এল.এল.এম ডিগ্রিধারী হইতে হইবে। বাংলাদেশ সুপ্রীম কোর্ট/হাই কোর্ট/জজ কোর্টে Practice করার ০৩ (তিন) বৎসরের অভিজ্ঞতা থাকিতে হইবে। প্রার্থীকে ইংরেজীতে পারদর্শী হইতে হইবে। মামলার আরজি প্রস্তুত/ড্রাফটিং/মামলার Para Wise Statement তৈরী করার অভিজ্ঞতা সম্পন্ন প্রার্থীকে অগ্রাধিকার দেওয়া যাইতে পারে। শিক্ষা জীবনের সকল পর্যায়ে ন্যূনতম ২য় বিভাগ/সমমানের জিপিএ/সিজিপিএ থাকিতে হইবে। প্রার্থীর বয়স অনূর্ধ্ব ৩০ (ত্রিশ) বৎসর হইতে হইবে। তবে অভিজ্ঞতা সম্পন্ন প্রার্থীর ক্ষেত্রে বয়স শিথিল যোগ্য।

রেজিস্ট্রারের অনুকূলে প্রদেয় ৭৫০/- (সাতশত পঞ্চাশ) টাকা মূল্যের পে-অর্ডার/ব্যাংক ড্রাফট এবং সকল পরীক্ষা পাসের সার্টিফিকেট ও প্রশংসাপত্রের সত্যায়িত প্রতিলিপিসহ ৮ (আট) প্রস্থ দরখাস্ত আগামী ২৬-০৬-২০১৮ তারিখের মধ্যে রেজিস্ট্রারের (২০৩ নং কক্ষে) নিকট পৌঁছাইতে হইবে। চাকুরীরত প্রার্থীকে অবশ্যই যথাযথ কর্তৃপক্ষের মাধ্যমে দরখাস্ত করিতে হইবে।

  
২৭/৫/১৮